

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.২৭০০.০১৭.২৭.০০৩.১৫ ৫৭৭

তারিখ: ২৮ শ্রাবণ, ১৪২৮
১২ আগস্ট, ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু, দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলার ০১নং বুলাকীপুর ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আবুল কালাম আজাদ এর বিরুদ্ধে ভিজিডি'র কার্ড প্রকৃত কার্ডধারীদের না দিয়ে জনৈক ফারুক হোসেন নামে অন্য ব্যক্তিকে প্রদান, জাতীয় পরিচয়পত্র ও ছবি পরিবর্তন করে অন্য ব্যক্তির নামে চাল প্রদান, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, দিনাজপুর এর প্রস্তাব মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ২০/০১/২০২১ তারিখে ৬৫ নং স্মারকে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সাথে কেন তাঁকে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ বিভাগের প্রেরণের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলার ০১নং বুলাকীপুর ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আবুল কালাম আজাদ কে কারণ দর্শানোর প্রেক্ষিতে প্রদত্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জেলা প্রশাসক, দিনাজপুর বর্ণিত ইউনিয়ন পরিষদের সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারা মোতাবেক তার বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

সেহেতু দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলার ০১নং বুলাকীপুর ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব মো: আবুল কালাম আজাদ কে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধ করায় একই আইনের ৩৪ (৫) ধারা মোতাবেক তাঁকে স্থায়ী পদ হতে অপসারণ করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

 ০২/৮/২১

(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব

ফোন: ০২২২৩৩৫৩৩৯৪

Email: up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.২৭০০.০১৭.২৭.০০৩.১৫- ৫৭৭

তারিখ: ২৮ শ্রাবণ, ১৪২৮
১২ আগস্ট, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। জনাব মো: আবুল কালাম আজাদ, ইউপি সদস্য, ০৮নং ওয়ার্ড (অপসারণকৃত), ০১নং বুলাকীপুর ইউনিয়ন পরিষদ, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ০৮। অফিস কপি।

 ০২/৮/২১

(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব